



প্রেসিডেন্ট এরশাদ শনিবার প্রাথমিক শিক্ষক সমিতির তৃতীয় জাতীয় মহাসম্মেলনে উদ্বেখন করেন

—দৈনিক বাংলা

মহাসম্মেলনে এরশাদ

প্রাথমিক শিক্ষকরা পারোপারি সরকারী কর্মচারী হবেন

(স্টাফ রিপোর্টার)

প্রেসিডেন্ট লেঃ জেনারেল এইচ এম এরশাদ প্রাথমিক শিক্ষকদের সরকারী কর্মচারী হিসাবে পূর্ণ মর্যাদা প্রদানের কথা ঘোষণা করে জানান, অচিরেই প্রাথমিক শিক্ষা আইন প্রণয়ন করা হবে।

প্রেসিডেন্ট বলেন, দাবী জাড়াইয়ের জন্য শিক্ষকদের রাজস্ববিধে বিক্ষোভ নামতে হলে তা সমগ্ৰ জাতির জন্য খুবই লজ্জার ব্যাপার হবে। কারণ শিক্ষক সমাজে হচ্ছেন মর্যাদা ও সম্মানের ক্ষেত্রে সবার উপরে।

শনিবার দুপুরে অনুষ্ঠিত বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির তৃতীয় জাতীয় মহাসম্মেলনে প্রধান অতিথির ভাষণে প্রেসিডেন্ট এরশাদ একথা বলেন। সচিবালয়ের পাশে রেলওয়ে ময়দানে এই মহাসম্মেলন হয়। পূর্বে রাত্রের মশল বর্ণে সমগ্ৰ মঠটি ছিল কর্কশ মাস্ত এবং বড়ো-হাওয়ার এর বিরট প্যান্ডেলটিও ছিল বিধস্ত। তা সত্ত্বেও প্যান্ডেলের ভেতরে হাজার হাজার শিক্ষিকা ও শিক্ষক ক'দমাটির মধ্যেই সশুশখলভাবে বসেন। অর্থাৎ প্যান্ডেলের চরদিকে হাজার হাজার শিক্ষক-শিক্ষিকা স্পন্দভাবে দাঁড়িয়ে থাকেন। সম্মেলনের উদ্যোগতর্রা জানান এই মহা-

সম্মেলনে গতকাল সারা দেশ থেকে ৫০ হাজার প্রাথমিক শিক্ষক যোগ দেন। সমিতির সভাপতি জনাব আবুল কালাম আজাদ এতে সভাপতিত্ব করেন।

জনাব আজাদ সম্মেলনের শুরুতে (৫:৩০ পঃ ৩-এব কঃ দুঃ)

(১ম পৃঃ ধরে)

বাংলা প্রাথমিক শিক্ষকরা

চাকরি। অসার পথে শিক্ষকদের দুঃখনিহ্না প'চজন প্রাথমিক শিক্ষকদের মতাদর্শ সংবাদ ঘাষণা করলে সবার শোকাহত হন।
প্রেসিডেন্ট এরশাদ তাঁর ভাষণে সম্মেলনে আর্দার পথে নিহত প'চ জন প্রাথমিক শিক্ষকের প্রতি পরিবারকে ৫০ হাজার টাকা অনুদান দেয়ার কথা ঘোষণা করেন।
তিনি জানান অন্যান্য সরকারী কর্মচারীদের মত প্রাথমিক শিক্ষকরাও এলাপার-এর সুযোগ পাবেন। তাদের পাওনা বাকী ইন-কিউমেন্ট দেয়া হবে। শিক্ষকদের সুবিধার্থে ও দাবীর প্রেক্ষিতে এখন থেকে পেশাগত প্রশিক্ষণের মেয়াদ কমায় এক বছর করা হল। প্রতিটি উপজেলার প্রাথমিক শিক্ষক গণ যথেষ্ট গৃহনির্মাণ ঋণ পান তার পৃথক ব্যবস্থা করা হবে। প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে এরপর তাদের যোগ্য সন্ধানদের জন্য একটু কেচট নিধারণ করার নির্দেশ দিয়া হল।

মিক শিক্ষকগণ মাথাপিছ কাড়ি টক মোট ৩০ লাখ টাকা কল্যাণ ট্রাস্টের তহবিলে জমা দেয়ার কথা ঘোষণা করেন। উল্লেখ্য যে সারা দেশে প্রাথমিক শিক্ষক আছেন দুই লাখ।

প্রেসিডেন্ট জানান এখন থেকে অন্য সকলের মত প্রাথমিক শিক্ষকদেরও আগাম ইনকিউমেন্ট দেয়ার ব্যাপারে কোন পূর্বশর্ত আরোপ করা হবে না।
তিনি বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির কর্মসূচির জন্য জর্জ ও অর্থ বরাদ্দের প্রতিশ্রুতি দেন।

প্রেসিডেন্ট এরশাদ প্রাথমিক শিক্ষকদের মহাসম্মেলনের খরচ বাবদ ১২ লাখ টাকা অনুদান মঞ্জুর করেন। তিনি কওমী স্ট্রট মিলের মালিকানা প্রাথমিক শিক্ষকদের কাছে হস্তান্তর করার কথাও ঘোষণা করেন।

৯৪ হাজার টাকা প্রাথমিক শিক্ষক সমিতিতে ফেরৎ দেয়ার কথা ঘোষণা করেন।

প্রেসিডেন্ট বলেন, প্রাথমিক শিক্ষকদের দাবী তুলনামূলকভাবে সমানাই। আমি তাদের সব না্যা দাবী মেনে নিলাম।

জেনারেল এরশাদ নন-গেজেটেড সরকারী কর্মচারীদের আন্দোলনের কথা উল্লেখ করে বলেন, অনেকে সমাজতন্ত্রের কথা বলছেন। গরীব সকল মামুষের ভাত-কাপড়ের সংস্থান যদি সমাজতন্ত্র হয় তাহলে আমি তার ব্যাড়া তো হতে তুলে নিয়েছি। সচিবালয়ের কর্মচারীদের দঃখ-দর্শনা ও দাবী-দাওয়া কথা আমায় চেয়ে কেউ ভুল জানে না।

প্রেসিডেন্ট উপজেলার কথা উল্লেখ করে বলেন, প্রশাসন বিকেন্দ্রীকরণ পদ্ধতিতে কিছু ভুল-ত্রুটি থাকতে পারে। এসব ভুল-ত্রুটি সংশোধন করে প্রশাসন বিকেন্দ্রীকরণ পদ্ধতিকে আরও জোরদার করা হবে।

একজন রাজনৈতিক নেত্রীর বস্তবোর জ্বাবে তিনি বলেন, উপ-জেলার সকল কর্মচারী দুর্নীতি

পরিষ্কার হতে পারে না। এ ধরনের দায়িত্বই মনত্যা করা শোভন নয়।

প্রেসিডেন্ট আরও বলেন তাদের আমলেই প্রাথমিক শিক্ষকদের রাজপথে বিক্ষোভ করতে হয়েছিল।

আবুল কালাম আজাদ এর অগা সংগঠনের সভাপতি অধ্যাপক আবুল কালাম আজাদ তাদের দাবী-দাওয়ার ওপর দীর্ঘ বক্তৃতা দেন। তিনি ঘোষণা করেন প্রেসিডেন্ট এরশাদের সকল সিদ্ধিছা পরণে ও জনগণের কল্যাণ অনসৃত তার সকল পদক্ষেপকে সফল করে তুলতে প্রাথমিক শিক্ষকরা সর্বতোভাবে চেষ্টা করবে।

মহাসম্মেলনে প্রেসিডেন্ট লেঃ জেনারেল এরশাদকে সংগঠনের প্রধান পূর্বপোষক নির্বাচিত করা হয়। এছাড়া একটি প্রস্তাবের মাধ্যমে জনাব আবুল কালাম আজাদ ও কাজী আবুল কাশেম ফজলুল হককে তচামামী প'চ বছরের জন্য সংগঠনের সভাপতি ও সাধারণ সম্পাদক নির্বাচিত করা হয়। তিনি মনে পড়ে অনতিত্বা প্রতিনিধি সভায় সমিতির পূর্নঙ্গ কমিটি গঠন করা হবে বলে জাননো হয়।

গতকাল এই সম্মেলন শেষে বহু সংখ্যক শিক্ষিকা ও শিক্ষক কলান্তর্জানিত কারণে প্যান্ডেলের মধ্যেই সংজ্ঞা হারিয়ে ফেলেন।

জেনারেল এরশাদ প্রাথমিক শিক্ষকদের জন্য কল্যাণ ট্রাস্ট গঠন করা ঘোষণা করে বলেন, প্রথম এই কল্যাণ ট্রাস্টে ২০ লাখ টাকা অনুদান দেয়া হবে। এরশাদের আহ্বানে প্রাথমিক